



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
গুলফেশী প্লাজা (৭ম তলা)  
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক  
বড় মগবাজার, রমনা, ঢাকা- ১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-৪১

তারিখ : ৯ অগ্রহায়ণ ১৪২৩ বাংলা  
২৩ নভেম্বর ২০১৬ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদনের উৎকর্ষতা প্রসংগে।

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর ৪৭(১) নং বিধি অনুযায়ী অথরিটির তালিকাভুক্ত সিএ ফার্ম দ্বারা ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের হিসাব নিরীক্ষণ করতে হবে। এছাড়া বিধিমালার ৪৭(৪) অনুযায়ী অথরিটিতে উক্ত রিপোর্ট দাখিলের সর্বশেষ সীমা প্রতিবছর সেপ্টেম্বর মাসের শেষ কর্মদিবস। লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু প্রতিষ্ঠান অথরিটিতে তাদের বার্ষিক অডিট রিপোর্ট দাখিলের সময় অথরিটি কর্তৃক গত ১৬/০৭/২০১৩ তারিখে জারিকৃত এমআরএ/সার্কুলার লেটার নং- ১৮ তে সংযুক্ত ToR সম্পূর্ণরূপে পরিপালন করছে না। এক্ষেত্রে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের জন্য নিম্নরূপ নির্দেশনা জারি করা হলোঃ

১. পর্যদ সভায় অনুমোদন প্রাপ্তির অব্যবহিত পরই চূড়ান্ত মনোনীত সিএ ফার্ম কর্তৃপক্ষকে প্রদত্ত কার্যাদেশ/নিয়োগপত্র এর সিএ ফার্ম কর্তৃক প্রাপ্তিস্বীকারের কপি অথরিটিতে প্রতিবছর নিয়মিতভাবে দাখিল করতে হবে;
২. অথরিটির গত ১৩/০৩/২০১২ তারিখে জারিকৃত সার্কুলার লেটার নং-রেগু-১২ মোতাবেক কোনক্রমেই একই সিএ ফার্ম দ্বারা পর পর ৩(তিন) বছরের অধিক নিরীক্ষাকার্য সম্পাদন করা যাবে না মর্মে নিষেধাজ্ঞাটি কঠোরভাবে অনুসরণ করতে হবে;
৩. দাখিলকৃত অডিট রিপোর্ট প্রস্তুতের সময় ToR সংক্রান্ত অথরিটির সার্কুলার লেটার নং- ১৮ অনুসরণ বাধ্যতামূলক; এর সাথে আলাদাভাবে সংযোজনী আকারে সার্কুলার লেটার নং- ১৯ অনুযায়ী এন্টি মানিলন্ডারিং ডিক্লারেশন এবং সার্কুলার লেটার নং- ৩০ অনুযায়ী বাজেট ভেরিফিকেশন দাখিল করতে হবে;
৪. পুনঃনিরীক্ষিত অডিট রিপোর্ট দাখিলের ক্ষেত্রে পূর্ণাঙ্গ যৌক্তিকতা (Open Disclosure) উল্লেখ আবশ্যিক; এছাড়া সিএ ফার্ম পরিবর্তন করা হলেও বিগত বছরের স্থিতি/তথ্যসমূহ স্থির রাখা আবশ্যিক; এক্ষেত্রে কোন পরিবর্তন প্রযোজ্য হলে তারও যৌক্তিকতা সংযুক্ত আকারে দাখিল করতে হবে;
৫. অথরিটিতে নির্ধারিত সময়সীমার মধ্যে রিপোর্ট দাখিল বাধ্যতামূলক; এক্ষেত্রে কোনক্রমেই অনুলিপি বা ফটোকপি গ্রহণযোগ্য নয়।

উক্ত নির্দেশনাসমূহ আগামী ২০১৬-২০১৭ অর্থবছর হতে দাখিলযোগ্য নিরীক্ষা বিবরণীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সাজ্জাদ হোসেন)

পরিচালক

ফোনঃ ৮৩৩২৬৭৭

অনুলিপি নং- ৫৩.০১.০০০০.০১১.০২.০০২.১৩-৬৬৬৬

তারিখঃ ঐ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

(প্রদীপ কুমার ঘোষ)

উপ-পরিচালক

ফোনঃ ৮৩৩২৪৫-২১৮ (এক্স)